



টাঙ্গাইলে বহিষ্কৃত পরীক্ষার্থীর হামলায় শিক্ষক আহত

টাঙ্গাইল থেকে জেলা বার্ডা পরিবেশক ১১ই এপ্রিল ঘাটাইল উপজেলাসদরের গণ উচ্চ বিদ্যালয় এসএসসি পরীক্ষা কেন্দ্রে এক বহিষ্কৃত পরীক্ষার্থী ও তার সঙ্গীদের হামলায় মজিবর রহমান নামের এক শিক্ষক আহত হয়েছেন। এ ঘটনাকে কেন্দ্র করে শিক্ষকদের মধ্যে ক্ষোভ ছড়িয়ে পড়েছে। তারা অপরাধীর বিচার ও শাস্তি দাবি করেছেন। পুলিশ বহিষ্কৃত ছাত্রকে গ্রেফতার করেছে।

জানা গেছে, ঘটনার দিন কৃষি বিজ্ঞান বিষয়ের ব্যবহারিক পরীক্ষার হলে হায়দার আলী রোল-২০৪৪১৭ উচ্চৎবল আচরণ করলে শিক্ষক মজিবর রহমান তাকে পরীক্ষার হল থেকে বহিষ্কার করেন। এ সময় ছাত্রটি শিক্ষকের সঙ্গে অসৌজন্যমূলক আচরণ করে চলে যায়। পরে শিক্ষক পরীক্ষার হল থেকে বের হলে বহিষ্কৃত ছাত্র ও তার সহযোগীরা তার ওপর হামলা চালায় এবং লাঠি দিয়ে বেধড়ক পিটিয়ে শিক্ষক মজিবর রহমানকে আহত করে। এ ব্যাপা ঘাটাইল থানায় মামলা হয়েছে। পুলিশ বহিষ্কৃত ছাত্র হায়দার আলীকে গ্রেফ করেছে।